

উড়োজাহাজের ল্যান্ডিং গিয়ারে আলজেরিয়া থেকে ফ্রান্স

- A Monitor Desk Report

Date: 31 December, 2023



আলজেরিয়া থেকে প্যারিসে আসা একটি ফ্লাইটের ল্যান্ডিং গিয়ার কক্ষে একজনকে জীবিত উদ্ধার করা হয়েছে। তবে তার অবস্থা আশঙ্কাজনক।

বৃহস্পতিবার (২৮ ডিসেম্বর) আলজেরিয়ার ওরান থেকে এয়ার আলজেরি'র একটি উড়োজাহাজ প্যারিস ওরলি বিমানবন্দরে অবতরণের পর উড়োজাহাজটির কারিগরি পরীক্ষার সময় লোকটিকে 'আন্ডার ক্যারেজ বে'-তে জীবিত অবস্থায় পাওয়া যায়।

বিমানবন্দরের একটি সূত্র জানিয়েছে, 'আড়াই ঘণ্টার উড়োজাহাজ যাত্রা শেষে তাকে জীবিত উদ্ধার করা গেলেও হাইপোথার্মিয়ার কারণে তার অবস্থা সংকটাপন্ন ছিল।' উদ্ধারের পর তাকে নিকটবর্তী হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

ধারণা করা হচ্ছে, উদ্ধারকৃত ব্যক্তির বয়স বিশ বছরের কাছাকাছি। তবে তার সঙ্গে কোনো পরিচয়পত্র না থাকায় তখন বেশি কিছু জানা সম্ভব হয়নি।

বাণিজ্যিক উড়োজাহাজগুলো প্রায় ৩০ থেকে ৪০ হাজার ফুট উচ্চতায় চলাচল করে, যেখানে তাপমাত্রা মাইনাস ৫০ ডিগ্রিতে নেমে আসে। ল্যান্ডিং গিয়ার কক্ষে অক্সিজেন স্বল্পতা ও তীব্র ঠান্ডার কারণে সেখানে কারও বেঁচে থাকার সম্ভাবনা প্রায় নেই বললেই চলে।

মার্কিন যুক্তরাষ্ট্রের ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন (এফএএ)-এর তথ্য অনুসারে, ১৯৪৭ থেকে ২০২১ সালের মধ্যে ১৩২ জন মানুষ বাণিজ্যিক বিমানের ল্যান্ডিং গিয়ার কক্ষে ভ্রমণ করার চেষ্টা করেছে। তাদের মধ্যে মৃত্যুর হার শতকরা ৭৭ ভাগ।

এর আগে চলতি বছরের এপ্রিলে আমস্টারডামের সিপোল বিমানবন্দরে একটি উড়োজাহাজের ল্যান্ডিং গিয়ারে এক ব্যক্তির মৃতদেহ পাওয়া যায়। ফ্লাইটটি প্রথমে নাইজেরিয়া থেকে টরন্টো হয়ে আমস্টারডামে পৌঁছায়।

